

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৫১৪

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩০. একজনে আযান ও আরেকজনে ইক্বামাত দেয়া

باب فِي الرَّجُلِ يُؤَذِّنُ وَيُقِيمُ آخَرُ

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللهِ بْنُ مَسْلَمَةَ، حَدَّثَنَا عَبْدُ اللهِ بْنُ عُمَرَ بْنِ غَانِمٍ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ زِيَادٍ وَيَادَ بْنَ نُعَيْمِ الْحَضْرَمِيَّ، أَنَّهُ سَمِعَ زِيَادَ بْنَ الْحَارِثِ لَصَّدُائِيَّ، قَالَ لَمَّا كَانَ أَوَّلُ أَذَانِ الصَّبْحِ أَمَرَنِي _ يَعْنِي النَّبِيَّ صلى الله عليه وسلم _ فَأَذَنتُ فَجَعَلْتُ أَقُولُ أَقُولُ أَقُولُ أَقُولُ اللهِ فَجَعَلَ يَنْظُرُ إِلَى نَاحِيَةِ الْمَشْرِقِ إِلَى الْفَجْرِ فَعَلَ يَنْظُرُ إِلَى نَاحِيةِ الْمَشْرِقِ إِلَى الْفَجْرِ فَيَقُولُ " لَا " . حَتَّى إِذَا طَلَعَ الْفَجْرُ نَزَلَ فَبَرَزَ ثُمَّ انْصَرَفَ إِلَى وَقَدْ تَلَاحَقَ أَصْحَابُهُ _ فَيُونِي فَتَوَضَّاً _ فَأَرَادَ بِلَالٌ أَنْ يُقِيمَ فَقَالَ لَهُ نَبِيُّ اللهِ صلى الله عليه وسلم " إِنَّ أَخَا صَدُنَاءٍ هُو أَذَنَ وَمَنْ أَذَنَ فَهُو يُقِيمُ " . قَالَ فَأَقَمْتُ .

_ ضعيف: الإرواء ٢٣٧، الضعيفة ٣٥

বাংলা

৫১৪। যিয়াদ ইবনুল হারিস আস-সুদাঈ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, ফজরের প্রথম আযান নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর নির্দেশক্রমে আমি দিয়েছিলাম। আযান শেষে আমি বলতে লাগলাম, হে আল্লাহর রসূল! আমি কি ইকামাত(ইকামত/একামত) দিব? তিনি তখন পূর্ব দিগন্তে ভোরের আভা লক্ষ্য করে বললেনঃ না। ভোরের আলো প্রকাশ পাওয়ার পর তিনি বাহন থেকে নেমে পেশাব-পায়খানা সেরে আমার দিকে ফিরে এলেন। সাহাবীগণ তাঁর সাথে মিলিত হলেন (চারপাশে উপস্থিত হলেন)। বর্ণনাকারী বলেন, তিনি অযু করলেন। বিলাল (রাঃ) ইকামাত(ইকামত/একামত) দিতে চাইলে আল্লাহর নবী সাল্লাল্লাহ্ন আলাইহি ওয়াসাল্লাম তাকে বললেনঃ নিশ্বয় আমাদের ভাই সুদা আযান দিয়েছে। আর যে আযান দেয় সে-ই ইকামাত(ইকামত/একামত) দিবে। অতঃপর আমি ইকামাত(ইকামত/একামত) দিলাম। [1]

দুর্বল : ইরওয়া ২৩৭, যঈফাহ্ ৩৫।



English

Narrated Ziyad ibn al-Harith as-Suda'i:

When the adhan for the dawn prayer was initially introduced, the Prophet (ﷺ) commanded me to call the adhan and I did so. Then I began to ask: Should I utter iqamah, Messenger of Allah? But he began to look at the direction of the east, (waiting) for the break of dawn, and said: No.

When the dawn broke, he came down and performed ablution and he then turned to me. In the meantime his Companions joined him. Then Bilal wanted to utter the iqamah, but the Prophet () said to him: The man of Suda' has called the adhan, and he who calls the adhan utters the iqamah.

ফুটনোট

[1] তিরমিয়া (অধ্যায়ঃ সালাত, অনুঃ আযানদাতা ইকামাত দিবে, হাঃ ১৯৯), ইবনু মাজাহ (অধ্যায়ঃ আযান, অনুঃ আযানের সুন্নাতম হাঃ ৭১৭) বায়হাকী (১/৩৯৯) তিনি বলেন, এর সনদে দুর্বলতা আছে। সকলেই 'আব্দুর রাহমান ইফরীকী সূত্রে। 'আব্দুর রাহমান ইবনু যিয়াদ ইফরিকী দুর্বল। যেমন বলেছেন হাফিয 'আত-তাকরীব' গ্রন্থে। ইয়াহইয়া ইবনু কান্তান এবং অন্যরা তাকে দুর্বল বলেছেন। ইমাম আহমাদ বলেন, আমি ইফরিকীর হাদীস লিখি না। ইমাম বাগাভী ও ইমাম বায়হাকীও হাদীসটিকে দুর্বল বলেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন